

নম্বর : ৪৬.০০.৬৫০০.০৪২.২৭.০০২.১৭.৩৮১

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮  
০২ মার্চ ২০২২


**বিষয় : নড়াইল জেলা পরিষদের চেয়ারম্যান জনাব সোহরাব হোসেন বিশ্বাস এর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলার  
পূর্ণাঙ্গ তথ্য ও মতামতসহ প্রতিবেদন প্রেরণ।**

সূত্র : শেখ সাজ্জাদ হোসেন, সদস্য-১৪ নং ওয়ার্ড, জেলা পরিষদ নড়াইল এর আবেদন, তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনে নড়াইল পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান এবং নড়াইল জেলা পরিষদের চেয়ারম্যান জনাব সোহরাব হোসেন বিশ্বাস-সহ কয়েকজন ব্যক্তির বিরুদ্ধে বিজ্ঞ স্পেশাল জজ (জেলা ও দায়রা জজ) আদালতে দায়েরকৃত স্পেশাল মামলা নং ১২/২০০৯ দায়ের করা হয় মর্মে সূত্রস্থ আবেদনে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)। আবেদনের সাথে সংযুক্ত আদেশনামার সাটিফাইড কপি সূত্রে জানা যায়, এ মামলায় গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিজ্ঞ আদালত অন্যান্যদের সাথে অভিযুক্ত জনাব সোহরাব হোসেন বিশ্বাস-কে দণ্ডবিধির ৪০৯ ধারায় ৫(পাঁচ) বছর করে সশ্রম কারাদণ্ড এবং ১০,০০০/- (দশ হাজার টাকা) অর্থদণ্ড অনাদায়ে আরও ৬(ছয়) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, উক্ত বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণের সুবিধার্থে নড়াইল জেলা পরিষদের চেয়ারম্যান জনাব সোহরাব হোসেন বিশ্বাস এর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলার পূর্ণাঙ্গ তথ্য ও মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

সংযুক্তি: আবেদনপত্রের ছায়ািলিপি (সংলগ্নিসহ)।

  
মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী  
উপসচিব  
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
Email-lgzp@lgd.gov.bd

পরিচালক  
স্থানীয় সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নড়াইল।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
৭. শেখ সাজ্জাদ হোসেন, সদস্য-১৪ নং ওয়ার্ড, জেলা পরিষদ নড়াইল, মোবাইল নম্বর-০১৯১৫৭৭৯৩৯৩।